



হরমুজ প্রণালীতে তিন মার্কিন ড্রোন ধ্বংসের দাবি ইরানের



সংগৃহীত ছবি

হরমুজ প্রণালীর আকাশসীমায় যুক্তরাষ্ট্রের তিনটি এমকিউ-১ ড্রোন ভূপাতিত করার দাবি করেছে ইরানের ইসলামিক রেভোলিউশনারি গার্ড কর্পস (আইআরজিসি)। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) আইআরজিসি জানায়, তাদের অ্যারোস্পেস ফোর্স হরমুজ প্রণালীর আকাশে মার্কিন ড্রোনগুলোর উপস্থিতি শনাক্ত করে নজরদারি চালায়। পরে উন্নত একটি বিমান প্রতিরক্ষা ব্যবস্থা ব্যবহার করে ড্রোনগুলো ভূপাতিত করা হয়।

ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম প্রেস টিভির প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

আইআরজিসির জনসংযোগ বিভাগ বলেছে, ড্রোনগুলো ইরানের সমন্বিত আকাশ প্রতিরক্ষা ব্যবস্থার আওতায় ছিল। পরে সারফেস-টু-এয়ার ক্ষেপণাস্ত্র দিয়ে সেগুলোকে লক্ষ্যবস্তু করা হয়। ইরানের ভাষ্য অনুযায়ী, কোনো হামলা চালানোর আগেই ড্রোনগুলো ধ্বংস করা হয়েছে।

এর কয়েক ঘণ্টা আগে হরমুজ প্রণালীর আকাশে আরও একটি মার্কিন এমকিউ-১ ড্রোন ভূপাতিত করার কথা জানায় আইআরজিসি। গত সপ্তাহেও একই এলাকায় একটি মার্কিন এমকিউ-১ ড্রোন ধ্বংসের দাবি করেছিল ইরানের সেনাবাহিনী।

ইরানের বক্তব্য অনুযায়ী, সাম্প্রতিক সময়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে সামরিক উত্তেজনার কারণে হরমুজ প্রণালী গুরুত্বপূর্ণ একটি এলাকায় পরিণত হয়েছে। জলপথটিতে সামরিক ও সামুদ্রিক কার্যক্রমের ওপর নিজেদের নিয়ন্ত্রণ বাড়ানোর কথাও জানিয়েছে তেহরান।

প্রেস টিভির প্রতিবেদনে আরও বলা হয়, মার্কিন এমকিউ-৯ রিপার ড্রোন ক্ষতিগ্রস্ত হওয়ার পর যুক্তরাষ্ট্র এমকিউ-১ মডেলের ব্যবহার বাড়িয়েছে। তবে ইরানের সাম্প্রতিক ড্রোন ভূপাতিতের দাবির বিষয়ে যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো স্বতন্ত্র নিশ্চিতকরণ পাওয়া যায়নি।